

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের অভ্যন্তরীণ মতবিনিময় সভার (১ম) কার্যবিবরণী**

সভাপতি: নিম্নান্ত উক্ত দে সরকার

উপ-পরিচালক (এমআইএম)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ও

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ২ নভেম্বর, ২০২১ সময়: সকাল ০৯.৩০ ঘটিকা

স্থান : মিনি কনফারেন্স রুম (৮ম তলা)

হাজিরা : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, ৩০ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত প্রারম্ভিক কর্মশালার যে বিষয়গুলো চ্যালেঞ্জ হিসেবে প্রতীয়মান হয়েছে সেসব বিষয় শনাক্তকরণ, সমাধান এবং প্রকল্প সমন্বয়ক ও উপপ্রকল্প সমন্বয়ক প্রকল্প ব্যবস্থাপনার বিবিধ বিষয়ে মতামত গ্রহণের জন্য আজকের সভা আয়োজন করা হয়েছে। অতঃপর, সভাপতি কর্তৃক সকলের মতামত আহ্বান করা হয়।

০১। সভায় বিস্তারিত আলোচনা ও প্রাপ্ত মতামতের উপর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
------	--------------	--------	-----------	----------------

নং				কর্মকর্তা
০১।	মাসিক কর্ম পরিকল্পনা নির্ধারণ প্রসঙ্গে	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক কাজের পরিকল্পনা প্রণয়ন এবং সেই মোতাবেক কর্মকাণ্ড সমূহ বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়।	আগামী ০৭ নভেম্বরের মধ্যে প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক কর্ম পরিকল্পনা দাখিল করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার
০২।	উপদেষ্টা কমিটি (Advisory Committee) গঠন	প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ৩য় সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে উপদেষ্টা কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	Advisory Committee গঠন প্রক্রিয়া আগামী ৭ নভেম্বরের মধ্যে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার
০৩।	জেলা পর্যায়ে প্রারম্ভিক কর্মশালা আয়োজন প্রসঙ্গে	জাতীয় পর্যায়ে সফলভাবে প্রারম্ভিক কর্মশালা আয়োজনের পর জেলা পর্যায়ে এই প্রকল্পের কর্মকাণ্ডসমূহ উপস্থাপন করার লক্ষ্যে দুইটি (০২) প্রারম্ভিক কর্মশালা আয়োজন করতে হবে।	আগামী ডিসেম্বর মাসে জেলা পর্যায়ে এই কর্মশালা দুইটি আয়োজন করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT), প্রোগ্রাম ম্যানেজার ও ফিন্যান্স এন্ড এডমিন অফিসার
০৪।	টিম লিডার নিয়োগ প্রসঙ্গে	প্রকল্পের ToR অনুযায়ী প্রকল্পের কর্মকাণ্ড যথাযথভাবে বাস্তবায়নের জন্য টিম লিডার নিয়োগ বিষয়ে নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রকল্পের কার্যক্রম সম্পাদনের নিমিত্তে টিম লিডার নিয়োগের বিষয়ে রাইমসের পক্ষ হতে DDM-কে জরুরি ভিত্তিতে অবহিত করতে হবে।	বাংলাদেশ কান্ট্রি লিড-রাইমস ও প্রোগ্রাম ম্যানেজার
০৫।	ডেক্ষটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ও অন্যান্য সামগ্রী ক্রয়	DPP ও MoU এর সংস্থান অনুযায়ী ডেক্ষটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ও অন্যান্য সামগ্রী সংগ্রহের বিষয়ে আলোচনা হয়।	DPP ও MoU অনুযায়ী ডেক্ষটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপি মেশিন ও অন্যান্য সামগ্রী দ্রুত ক্রয় ও সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার
৬।	প্রভাতী প্রকল্প-এলজিইউর সাথে আলোচনা সভা	প্রভাতী প্রকল্প- ডিডিএম কম্পোনেন্ট-এর সকল আর্থিক বিষয় - আর্থিক বিবরণী প্রস্তুত, অগ্রিম সমন্বয়, ভ্যাট এবং ট্যাক্স কর্তন নিয়মাবলী সহ অন্যান্য	আগামী ৮ নভেম্বরে ২০২১ তারিখে সকাল ১০.০০ টায় দুর্ঘেস্থ ব্যবস্থাপনা অধিদপ্তরে একটি আলোচনা সভার আয়োজন করতে হবে।	উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও ফিন্যান্স এন্ড এডমিন অফিসার

		বিষয় আলোচনার জন্য প্রভাতী প্রকল্প-এলজিইডির আর্থিক ও রিপোর্টিং প্রক্রিয়ায় সংশ্লিষ্টদের উপস্থিত থাকার আহ্বান জানিয়ে একটি পত্র প্রেরণ করা প্রয়োজন।		
--	--	--	--	--

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)

(প্রকল্প সমন্বয়ক)

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১

তারিখ: ০৭-১১-২০২১ খ্রিঃ

#### অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

০১। পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০৩। উপ-প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০৪। ডেপুটি প্রজেক্ট কো-অর্টিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৫। কান্তি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।

০৬। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)

ডেপুটি প্রজেক্ট কো-অর্টিনেটর  
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট